

কাউকে পেছনে ফেলে নয়

প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর বৈষম্য, বিচ্ছিন্নতা এবং অধিকার

সাংস্কৃতিক আয়োজন



বাঙালি ছাড়াও বাংলাদেশে উল্লেখযোগ্য সংখ্যক আদিবাসী, চা জনগোষ্ঠী, প্রান্তিক ও বিচ্ছিন্ন মানুষ বাস করে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০-এর নতুন তালিকা অনুসারে বাংলাদেশের ক্ষুদ্র জাতিগোষ্ঠীর সংখ্যা ৫০। তবে সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)-এর সাম্প্রতিক গবেষণালব্ধ তথ্য-উপাত্ত অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম ও চা বাগানের বাইরে আরো প্রায় ৫০-এর মতো জাতিগোষ্ঠী রয়েছে। চা বাগানের ৮০টি গোষ্ঠীর মধ্যে ২৩টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হিসাবে সরকারি তালিকাভুক্ত। আদিবাসী ও চা জনগোষ্ঠী ছাড়াও প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে হরিজন, ঋষি, কায়পুত্র (শূকর চড়ানো যাদের পেশা), বেদে, জলদাস, যৌনকর্মী এবং বিহারী অন্যতম।

এসব জাতিসত্তা ও জনগোষ্ঠীর ভাষাবৈচিত্র্য, শিক্ষা, প্রযুক্তি, সাংস্কৃতিক ঐতিহ্য, ইতিহাস, খাদ্যাভ্যাস ইত্যাদি বাঙালি সংখ্যাগরিষ্ঠের দেশে যে বৈচিত্র্য যোগ করে তা অত্যন্ত তাৎপর্যপূর্ণ। বাংলাভাষা, সাহিত্য ও সংস্কৃতিকেও নানাভাবে সমৃদ্ধ করেছে ক্ষুদ্র জাতিসত্তার ভাষা ও সংস্কৃতি। প্রান্তিক ও বিচ্ছিন্ন এসব জনগোষ্ঠীর সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরতে আয়োজন করা হয়েছে বক্তৃতাসহ সাংস্কৃতিক সন্ধ্যা।

স্থান: এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা- ১২০৭

তারিখ: ২০-২১ জুন ২০১৯





বক্তৃতা (প্রতিদিন): বিকেল ৫:০০ থেকে ৬:০০টা

সাংস্কৃতিক অনুষ্ঠান (প্রতিদিন): সন্ধ্যা ০৬:০০টা থেকে রাত ০৮:০০টা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. তাহমিনা আহমেদ, ড. হরিশংকর জলদাস, ড. মাসুদুল হক এবং সারা মারান্ডি আদিবাসী ও প্রান্তিক জনগোষ্ঠীর পরিচয়, ভাষা ও সংস্কৃতি নিয়ে বক্তৃতা ও আলোচনা করবেন।

সাংস্কৃতিক সন্ধ্যার প্রথম দিন গারো, সাঁওতাল, আদিবাসী চা জনগোষ্ঠী সাংস্কৃতিক দল এবং তেলেগু যুব সংঘ তাদের ঐতিহ্যবাহী নাচ-গান পরিবেশন করবে। সাংস্কৃতিক সন্ধ্যার দ্বিতীয় দিন নাচ-গান পরিবেশন করবে মণিপুরী, ওঁরাও, পাহাড়িয়া, মাহলে এবং হিজড়া সাংস্কৃতিক দল।

আদিবাসী সাংস্কৃতিক সন্ধ্যায় আপনি সবাক্ষব আমন্ত্রিত।



ছবি ও ডিজাইন: ফিলিপ গাইন

সাংস্কৃতিক সন্ধ্যা

স্থান: এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭

তারিখ: ২০-২১ জুন ২০১৯

সময়: প্রতিদিন বিকেল ০৫:০০টা থেকে রাত ০৮:০০টা

বাংলাদেশের নানা ভাষাভাষি ও সংস্কৃতির মানুষের পরিচয়, ভৌগোলিক অবস্থা, ভাষা বৈচিত্র্য ও সমস্যা নিয়ে জানার আছে অনেক কিছু। এদের ভাষা, সংস্কৃতি ও জীবনযাপন সম্পর্কে জানার ও বোঝার সুযোগ তৈরি করতে সাংস্কৃতিক অনুষ্ঠান স্থলে থাকবে বই, রিপোর্ট, প্রামাণ্যচিত্র ও অন্যান্য সামগ্রীর প্রদর্শনী ও ক্রয়ের সুযোগ।

সাংস্কৃতিক অনুষ্ঠানে চলে আসুন বন্ধুবান্ধব ও পরিবারের সদস্যদের নিয়ে।

যোগাযোগ

সোসাইটি ফর এনভায়রনমেন্ট অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট (সেড)

গ্রীন ভ্যালী, ১৪৭/১ গ্রীন রোড (৩য় তলা), ফ্ল্যাট নং. ২এ, ঢাকা-১২১৫।

ফোন: ৫৮১৫৩৮৪৬, ০১৬৭৫৫২৭৯৩৩, ০১৭২৩৬৩৭৮১৬ www.sehd.org



প্রকল্পটি ইউরোপীয় ইউনিয়ন এবং ইকো কোঅপারেশনের আর্থিক সহায়তায় পরিচালিত